গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।

স্মারক নং-৪৪.০৩.০০০০.০৬২.৩২.০৩২.২৩.৯৬৩

তারিখঃ ২৫ বৈশাখ, ১৪৩২ বঙ্গাব্দ
০৮ মে, ২০২৫ খ্রিষ্টাব্দ

বিষয় : ভিডিপি মৌলিক প্রশিক্ষণ-৪র্থ ধাপ ও টিডিপি মৌলিক প্রশিক্ষণ-২য় ও ৩য় ধাপ পরিচালনা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে নিম্নবর্ণিত ছক 'ক' ও 'খ' মোতাবেক ৬৪টি জেলার ৪৯৩টি উপজেলায় উল্লেখিত সূচি ও কোটা অনুযায়ী ১০ দিন মেয়াদী **'ভিডিপি মৌলিক প্রশিক্ষণ-৪র্থ ধাপ'** ও **'টিডিপি মৌলিক প্রশিক্ষণ-২য় ধাপ'** আগামী **১৮/০৫/২০২৫ খ্রি. তারিখ হতে ২৯/০৫/২০২৫খ্রি. তারিখ পর্যন্ত** এবং **'টিডিপি মৌলিক প্রশিক্ষণ-৩য় ধাপ'** আগামী **১৬/০৬/২০২৫ খ্রি. তারিখ হতে ২৬/০৬/২০২৫খ্রি. তারিখ পর্যন্ত (শনিবারসহ)** পরিচালনার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

**"ছক-ক"**

| ক্র. নং | প্রশিক্ষণের নাম | প্রশিক্ষণের ইউনিট | তারিখ | প্রশিক্ষণার্থীর কোটা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | ভিডিপি মৌলিক প্রশিক্ষণ- ৪র্থ ধাপ | ৬৪টি জেলার ৪২৯টি উপজেলার (সদর উপজেলা ব্যতিত) যেকোন ০১টি ইউনিয়ন | ১৮/০৫/২০২৫ খ্রি. তারিখ হতে ২৯/০৫/২০২৫খ্রি. তারিখ পর্যন্ত | (৪২৯ টি ইউনিয়ন ×৬৬জন) = ২৮,৩১৪ জন। | ০১ জন দলনেতা, ০১ জন দলনেত্রী ও ৬৪ জন প্রশিক্ষণার্থীসহ মোট ৬৬ জন |
| ২. | টিডিপি মৌলিক প্রশিক্ষণ- ২য় ধাপ | ৬৪টি জেলার ৬৪টি সদর উপজেলা অথবা সংশ্লিষ্ট জেলার সদর উপজেলা ব্যতিত অন্য পৌরসভার যেকোন ০১টি ওয়ার্ড | | (৬৪ টি ওয়ার্ড/পৌরসভা×৬৬ জন) = ৪,২২৪ জন। | ০১ জন দলনেতা, ০১ জন দলনেত্রী ও ৬৪ জন প্রশিক্ষণার্থীসহ মোট ৬৬ জন |

ছক-'ক' এ উল্লেখিত টিডিপি মৌলিক প্রশিক্ষণের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা কমান্ড্যান্ট সদর উপজেলা ব্যতিত জেলার অন্য কোন পৌরসভার মধ্যে কোটা মোতাবেক নির্ধারিত সংখ্যক প্রশিক্ষণার্থীর টিডিপি মৌলিক প্রশিক্ষণ-২য় ধাপ পরিচালনার যৌক্তিকতা রয়েছে মনে করলে, তা পরিচালনা করতে পারবেন। সেক্ষেত্রে সংশ্লিষ্ট জেলার সদর উপজেলায় ভিডিপি মৌলিক প্রশিক্ষণ-৪র্থ ধাপ পরিচালনা করতে হবে।

**"ছক-খ"**

| ক্র. নং | প্রশিক্ষণের নাম | প্রশিক্ষণের ইউনিট | তারিখ | প্রশিক্ষণার্থীর কোটা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | টিডিপি মৌলিক প্রশিক্ষণ- ৩য় ধাপ | ৬৪টি জেলায় সংশ্লিষ্ট জেলা কমান্ড্যান্ট কর্তৃক নির্বাচিত ৮০টি ওয়ার্ড/পৌরসভা | ১৬/০৬/২০২৫ খ্রি. তারিখ হতে ২৬/০৬/২০২৫খ্রি. তারিখ পর্যন্ত (শনিবারসহ) | (৮০টি ওয়ার্ড/ পৌরসভা × ৬৬ জন = ৫,২৮০ জন) **(পরিশিষ্ট-'ক' মোতাবেক)** | ০১ জন দলনেতা, ০১ জন দলনেত্রী ও ৬৪ জন প্রশিক্ষণার্থীসহ মোট ৬৬ জন |

প্রশিক্ষণার্থীর যোগ্যতা, প্রশিক্ষণ নির্দেশিকা ২০২৪-২০২৫ অনুযায়ী হবে, তবে শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে এসএসসি পাশ ও ১৮-২৫ বছর বয়সী (জাতীয় পরিচয়পত্র থাকা অত্যাবশ্যক) তরুণ/তরুণীদের নির্বাচন করতে হবে। প্রযোজ্য ক্ষেত্রে ক্ষুদ্র নৃ-গোষ্ঠী (সাঁওতাল, গারো, মুরং ও মনিপুরী-মুসলিম) সম্প্রদায়ের জনগোষ্ঠী অন্তর্ভূক্ত করা যাবে। এছাড়া সংযুক্ত ক্রোড়পত্র মোতাবেক প্রশিক্ষণ পরিচালনার নির্দেশনা যথাযথভাবে প্রতিপালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পত্র প্রেরণ করা হলো।**

সংযুক্ত: ০১। টিডিপি মৌলিক প্রশিক্ষণ-৩য় ধাপ এর প্রশিক্ষণার্থীর কোটা- **পরিশিষ্ট 'ক'**-০২ (দুই) পাতা।
০২। ক্রোড়পত্র- ০১ (এক) পাতা।

8.5.25

ফাতেমা-তুজ-জোহরা
বিএডি : ১২০১১৩
পরিচালক (ভিডিপি প্রশিক্ষণ)
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।

জেলা কমান্ড্যান্ট (সকল)
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
............................................।

D:\Rajib\01 024 প্রশিক্ষণ পরিচালনা সংক্রান্ত\ভিডিপি টিডিপি মৌলিক প্রশিক্ষণ\জেলা চিঠি.docx

CS CamScanner
Scanned with OKEN Scanner

স্মারক নং-৪৪.০৩.০০০০.০৬২.৩২.০৩২.২৩. ১৩৫

তারিখঃ ২৫ বৈশাখ, ১৪৩২ বঙ্গাব্দ / ০৮ মে, ২০২৫ খ্রিষ্টাব্দ

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

| | |
|---|---|
| ১। অতিরিক্ত মহাপরিচালক<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | সদয় অবগতির জন্য। |
| ২। উপমহাপরিচালক (প্রশাসন/অপারেশনস্/প্রশিক্ষণ)<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | -ঐ- |
| ৩। উপমহাপরিচালক (সংশ্লিষ্ট রেঞ্জ) ও পরিচালক (রেঞ্জের দায়িত্বপ্রাপ্ত)<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী<br>-------------------------------------------। | সদয় অবগতির জন্য। |
| ৪। উপ-পরিচালক (সমন্বয়) [ পিএস টু ডিজি]<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য। |
| ৫। মনিটরিং শাখা<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | অবগতি ও কার্যক্রমের জন্য। |
| ৬। অফিস/মাস্টার কপি। | |

৪.৫.২৫

পরিচালক (ভিডিপি প্রশিক্ষণ)

D:\Rajib\01 024 [illegible] .docx

CamScanner

Scanned with OKEN Scanner

পরিশিষ্ট-ক

## টিডিপি মৌলিক প্রশিক্ষণ-৩য় ধাপ

| ক্রম নং | জেলার নাম | পৌরসভা/ওয়ার্ডের সংখ্যা | প্রশিক্ষণার্থীর সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | জেলা কমান্ড্যান্ট, ঢাকা | ১ | ৬৬ | ০১ জন দলনেতা, ০১ জন দলনেত্রী ও ৬৪ জন প্রশিক্ষণার্থীসহ মোট ৬৬ |
| ২ | জেলা কমান্ড্যান্ট,নারায়নগঞ্জ | ২ | ১৩২ | |
| ৩ | জেলা কমান্ড্যান্ট, নরসিংদী | ১ | ৬৬ | |
| ৪ | জেলা কমান্ড্যান্ট,মানিকগঞ্জ | ১ | ৬৬ | |
| ৫ | জেলা কমান্ড্যান্ট,গাজীপুর | ১ | ৬৬ | |
| ৬ | জেলা কমান্ড্যান্ট,মুন্সীগঞ্জ | ১ | ৬৬ | |
| ৭ | জেলা কমান্ড্যান্ট,ফরিদপুর | ১ | ৬৬ | |
| ৮ | জেলা কমান্ড্যান্ট,রাজবাড়ী | ১ | ৬৬ | |
| ৯ | জেলা কমান্ড্যান্ট,গোপালগঞ্জ | ১ | ৬৬ | |
| ১০ | জেলা কমান্ড্যান্ট,মাদারীপুর | ১ | ৬৬ | |
| ১১ | জেলা কমান্ড্যান্ট,শরীয়তপুর | ১ | ৬৬ | |
| ১২ | জেলা কমান্ড্যান্ট,কিশোরগঞ্জ | ২ | ১৩২ | |
| ১৩ | জেলা কমান্ড্যান্ট,টাংগাইল | ১ | ৬৬ | |
| ১৪ | জেলা কমান্ড্যান্ট,ময়মনসিংহ | ২ | ১৩২ | |
| ১৫ | জেলা কমান্ড্যান্ট,নেত্রকোনা | ১ | ৬৬ | |
| ১৬ | জেলা কমান্ড্যান্ট,জামালপুর | ১ | ৬৬ | |
| ১৭ | জেলা কমান্ড্যান্ট,শেরপুর | ১ | ৬৬ | |
| ১৮ | জেলা কমান্ড্যান্ট,খুলনা | ২ | ১৩২ | |
| ১৯ | জেলা কমান্ড্যান্ট,বাগেরহাট | ২ | ১৩২ | |
| ২০ | জেলা কমান্ড্যান্ট,সাতক্ষীরা | ১ | ৬৬ | |
| ২১ | জেলা কমান্ড্যান্ট,যশোর | ১ | ৬৬ | |
| ২২ | জেলা কমান্ড্যান্ট,ঝিনাইদহ | ১ | ৬৬ | |
| ২৩ | জেলা কমান্ড্যান্ট,নড়াইল | ১ | ৬৬ | |
| ২৪ | জেলা কমান্ড্যান্ট,মাগুড়া | ১ | ৬৬ | |
| ২৫ | জেলা কমান্ড্যান্ট,কুষ্টিয়া | ১ | ৬৬ | |
| ২৬ | জেলা কমান্ড্যান্ট,মেহেরপুর | ১ | ৬৬ | |
| ২৭ | জেলা কমান্ড্যান্ট, চুয়াডাংগা | ১ | ৬৬ | |
| ২৮ | জেলা কমান্ড্যান্ট,চট্টগ্রাম | ২ | ১৩২ | |
| ২৯ | জেলা কমান্ড্যান্ট,কক্সবাজার | ২ | ১৩২ | |
| ৩০ | জেলা কমান্ড্যান্ট,বান্দরবান | ১ | ৬৬ | |
| ৩১ | জেলা কমান্ড্যান্ট,খাগড়াছড়ি | ২ | ১৩২ | |
| ৩২ | জেলা কমান্ড্যান্ট,রাংগামাটি | ১ | ৬৬ | |
| ৩৩ | জেলা কমান্ড্যান্ট,রাজশাহী | ২ | ১৩২ | |
| ৩৪ | জেলা কমান্ড্যান্ট,নাটোর | ১ | ৬৬ | |
| ৩৫ | জেলা কমান্ড্যান্ট,নওগাঁ | ১ | ৬৬ | |
| ৩৬ | জেলা কমান্ড্যান্ট,চাপাইনবাবগঞ্জ | ১ | ৬৬ | |
| ৩৭ | জেলা কমান্ড্যান্ট,বগুড়া | ১ | ৬৬ | |
| ৩৮ | জেলা কমান্ড্যান্ট,জয়পুরহাট | ১ | ৬৬ | |



CamScanner
Scanned with OKEN Scanner

| ক্রঃ নং | জেলার নাম | পৌরসভা/ওয়ার্ডের সংখ্যা | প্রশিক্ষণার্থীর সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ৩৯ | জেলা কমান্ড্যান্ট ,পাবনা | ১ | ৬৬ | ০১ জন দলনেতা, ০১ জন দলনেত্রী ও ৬৪ জন প্রশিক্ষণার্থীসহ মোট ৬৬ |
| ৪০ | জেলা কমান্ড্যান্ট ,সিরাজগঞ্জ | ২ | ১৩২ | |
| ৪১ | জেলা কমান্ড্যান্ট ,রংপুর | ২ | ১৩২ | |
| ৪২ | জেলা কমান্ড্যান্ট ,কুড়িগ্রাম | ১ | ৬৬ | |
| ৪৩ | জেলা কমান্ড্যান্ট ,নীলফামারী | ১ | ৬৬ | |
| ৪৪ | জেলা কমান্ড্যান্ট ,গাইবান্ধা | ১ | ৬৬ | |
| ৪৫ | জেলা কমান্ড্যান্ট ,লালমনিরহাট | ১ | ৬৬ | |
| ৪৬ | জেলা কমান্ড্যান্ট ,দিনাজপুর | ২ | ১৩২ | |
| ৪৭ | জেলা কমান্ড্যান্ট ,ঠাকুরগাঁও | ১ | ৬৬ | |
| ৪৮ | জেলা কমান্ড্যান্ট ,পঞ্চগড় | ১ | ৬৬ | |
| ৪৯ | জেলা কমান্ড্যান্ট ,কুমিল্লা | ২ | ১৩২ | |
| ৫০ | জেলা কমান্ড্যান্ট ,বি-বাড়ীয়া | ২ | ১৩২ | |
| ৫১ | জেলা কমান্ড্যান্ট ,চাঁদপুর | ১ | ৬৬ | |
| ৫২ | জেলা কমান্ড্যান্ট ,নোয়াখালী | ২ | ১৩২ | |
| ৫৩ | জেলা কমান্ড্যান্ট ,ফেনী | ১ | ৬৬ | |
| ৫৪ | জেলা কমান্ড্যান্ট ,লক্ষীপুর | ১ | ৬৬ | |
| ৫৫ | জেলা কমান্ড্যান্ট ,সিলেট | ১ | ৬৬ | |
| ৫৬ | জেলা কমান্ড্যান্ট ,সুনামগঞ্জ | ১ | ৬৬ | |
| ৫৭ | জেলা কমান্ড্যান্ট ,মৌলভীবাজার | ১ | ৬৬ | |
| ৫৮ | জেলা কমান্ড্যান্ট ,হবিগঞ্জ | ১ | ৬৬ | |
| ৫৯ | জেলা কমান্ড্যান্ট ,বরিশাল | ২ | ১৩২ | |
| ৬০ | জেলা কমান্ড্যান্ট ,ভোলা | ১ | ৬৬ | |
| ৬১ | জেলা কমান্ড্যান্ট ,ঝালকাঠি | ১ | ৬৬ | |
| ৬২ | জেলা কমান্ড্যান্ট ,পিরোজপুর | ১ | ৬৬ | |
| ৬৩ | জেলা কমান্ড্যান্ট ,পটুয়াখালী | ১ | ৬৬ | |
| ৬৪ | জেলা কমান্ড্যান্ট ,বরগুনা | ১ | ৬৬ | |
| | মোট | ৮০ | ৫২৮০ | |

২৫

CamScanner
Scanned with OKEN Scanner

## ভিডিপি/টিডিপি মৌলিক প্রশিক্ষণ পরিচালনা সংক্রান্ত নির্দেশনা:

১) প্রশিক্ষণ পরিদপ্তর হতে সরবরাহকৃত লিংক মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে নির্ধারিত উপজেলা/থানার গুগল ফর্মে প্রশিক্ষণার্থীদের তথ্য ইনপুট দিয়ে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে।

২) অনলাইনে অটোজেনারেটেড ডাটাশীট লিংক প্রশিক্ষণ পরিদপ্তর কর্তৃক সংশ্লিষ্ট জেলা কমান্ড্যান্ট/জোন অধিনায়কদের নিকট (এক্সেল শীট-এ) প্রেরণ করা হলে, প্রশিক্ষণ শুরু থেকে শেষ দিন পর্যন্ত বিভিন্ন পর্যায়ে ঐ ডেটাশীটের ওপর কার্যক্রম (সংশোধন/সংযোজন) নিতে হবে। সদর দপ্তরের নির্দেশনা ব্যতীত নিজ উদ্যোগে এক্সেল শীট-এ নতুন কোন কলাম সংযোজন বা বিয়োজন করা যাবে না। ইউনিকোড ছাড়া অন্য ফন্ট ব্যবহার করা যাবে না।

৩) প্রশিক্ষণ শুরুর দিন উপস্থিত প্রশিক্ষণার্থীদের তথ্যাদি প্রশিক্ষণ পরিদপ্তর হতে প্রেরিত ডেটা শীট-এ (এক্সেল শীট) সরবরাহকৃত তথ্যাদির সাথে যাচাই-বাছাই করে প্রয়োজনীয় সংশোধন/সংযোজন করে ডাটাশীট (এক্সেল শীট) নির্ধারিত সময়ের মধ্যে নির্ধারিত গুগল ফরমে প্রেরণ নিশ্চিত করতে হবে। এক্ষেত্রে জেলা হতে সকল উপজেলা/থানার তথ্য যাচাই পূর্বক একত্রিত করে প্রেরণ করবেন।
উল্লেখ্য যে, অনলাইন রেজিস্ট্রেশন করা হয়েছে কিন্তু উদ্বোধনী বা প্রশিক্ষণ শুরুর দিন অনুপস্থিত রয়েছে এমন প্রশিক্ষণার্থীর ডাটা, সরবরাহকৃত ডাটাশীট হতে বাদ/বিয়োজন করে প্রেরণ করতে হবে।

৪) অনলাইন রেজিস্ট্রেশন ব্যাতিত ম্যানুয়াল ভর্তির মাধ্যমে কোন প্রশিক্ষণার্থীর তথ্যাদি অনুমতি ছাড়া ডাটাশীটে সংযোজন করা যাবে না এবং এ রকম সংযোজনের ক্ষেত্রে তা প্রথম দিনেই করতে হবে।

৫) প্রশিক্ষণ শুরুর দিন প্রশিক্ষণার্থীদের একটি হোয়াটস অ্যাপ গ্রুপ খুলতে হবে, যাতে করে প্রশিক্ষণ সংক্রান্ত প্রয়োজনীয় বার্তা, শিখন সামগ্রী, প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য, প্রশিক্ষণ শেষে শিক্ষার্থীদের মূল্যায়ন ইত্যাদি কাজ সহজে এবং কম সময়ে করা যায়।

৬) কোন প্রশিক্ষণার্থীর যদি ব্যক্তিগত এমএফএস নম্বর (বিকাশ/নগদ ইত্যাদি) না থাকে, তবে তাকে এমএফএস নম্বর (বিকাশ/নগদ ইত্যাদি) চালু নিশ্চিত করতে হবে।

৭) যে সংখ্যক প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ সম্পন্ন করবেন শুধুমাত্র তাদের বিপরীতে সনদপত্র বিতরণ এবং বরাদ্দ উত্তোলন করতে হবে।

৮) প্রশিক্ষণ সমাপনী প্রতিবেদন প্রেরণ করার সময় সদর দপ্তর হতে প্রেরণকৃত ডেটা শীট (এক্সেল শীট)-এর সর্ব ডান পাশে **'সনদপত্রের নম্বর'** শিরোনামে একটি কলাম যুক্ত করে প্রত্যেক প্রশিক্ষণার্থীর সনদপত্রের নম্বর সংযোজন করে নির্ধারিত সময়ের মধ্যে ডেটাশীট প্রেরণ করতে হবে। সনদপত্র নম্বর লিখার ক্ষেত্রে নির্ধারিত ফর্মুলা [যেমন-ভপ/ভম-জেলা কোড/সনদপত্র নম্বর] অনুসরণ করতে হবে।

৯) প্রশিক্ষণ চলাকালীন সময়ে সংশ্লিষ্ট জেলা কমান্ড্যান্ট প্রতিদিন ন্যূনতম একটি প্রশিক্ষণ কেন্দ্র পরিদর্শন নিশ্চিত করবেন।

১০) উপরের নির্দেশনা সমূহের ব্যত্যয় হলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে কর্তৃপক্ষ ব্যবস্থা গ্রহণ করতে পারেন।



CamScanner

Scanned with OKEN Scanner